

Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 22 April, 2025

সাতক্ষীরার তালায় দৈনিক কালের কণ্ঠ পত্রিকার উপজেলা প্রতিনিধি রোকনুজ্জামান টিপু কে ১০ দিনের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালত। মঙ্গলবার (২২ এপ্রিল) দুপুরে তালা উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মো রাসেল এ রায় প্রদান করেন।

খোঁজ নিয়ে জানা গেছে, মঙ্গলবার সকালে তালা উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন তৈরীর কাজে অনিয়ম দুর্নীতির তথ্য সংগ্রহ করতে যায় সাংবাদিক রোকনুজ্জামান টিপু। এ সময় তালা উপজেলা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী এম এম মামুন আলম তথ্য দিতে অস্বীকার করায় সাংবাদিকের সাথে কথাকাটি হয়। এক পর্যায়ে তা মারামারির রূপ নেয়। এঘটনা উভয় পক্ষ তালা উপজেলা নির্বাহী কর্মকর্তা কে জানালে তিনি সরেজমিনে উপস্থিত শ্রমিকসহ স্থানীয়দের স্বাক্ষর গ্রহণ শেষে তিনি এই রায় প্রদান করেন।

তালা উপ-সহকারী প্রকৌশলী এম এম মামুন আলম জানান, আমি উপজেলা কমপ্লেক্স ভবনের কাজ তদারকির সময় সাংবাদিক টিপু সুলতান কোনো কিছু বুঝে উঠার আগেই আমার মুখে ঘুষি মারে। বিষয়টি আমি উপজেলা নির্বাহী কর্মকর্তা কে জানালে তিনি সরেজমিনে এসে উপস্থিত সকলের স্বাক্ষর গ্রহণ শেষে সাংবাদিক টিপু সুলতান কে ১০ দিনের সাজা প্রদান করেন।

সাংবাদিক টিপু সুলতান বলেন, কাজের মান খারাপ হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে আমি সেখানে তথ্য সংগ্রহ করতে যাই। এসময় উপ-সহকারী প্রকৌশলী এম এম মামুন আলম আমাকে কোনো প্রকার সহযোগীতা না করে কাছে থাকা ছাতা দিয়ে মারতে শুরু করে। আমি

তাকে প্রতিরোধ করতে গেলে হাতহাতির ঘটনা ঘটে।

তালা উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মোঃ রাসেল বলেন, সরকারী কর্মচারীতে মারপিটের অপরাধে তাকে ১০দিনে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

এ দিকে ঘটনার পর পরই তালা প্রেসক্লাবের সভাপতি এম এম হাকিম, সাধারণ সম্পাদক জোয়াদ্দার ফারুক হোসেনহ কর্মরত সকল সাংবাদিক বৃন্দ তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

কালের কণ্ঠ সাংবাদিক কারাদণ্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 16:31

URL: <https://timestodaybd.com/khulna/7758071268>